

কাঠইর এবং মোহনপুর ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন'২০২১ অনুষ্ঠানের সময়সূচির বিজ্ঞপ্তি

যেহেতু জেলা নির্বাচন অফিসার, সুনামগঞ্জ কর্তৃক ১৪/১০/২০২১ খ্রি: তারিখের পত্র নং ১৭.০৭.৯০০০.০০০.৪১.০০৭.২১-৩৭৭ মোতাবেক স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা'২০১০ এর বিধি ১০ অনুযায়ী সুনামগঞ্জ জেলার সদর উপজেলার নির্বাচন যোগ্য ০৯টি (রাজারচর, সুরমা, জাহাঙ্গীরনগর, মোল্লাপাড়া, কাঠইর, মোহনপুর, লক্ষণশ্রী ও কুরবাননগর) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সংরক্ষিত ওয়ার্ডের সদস্য এবং সাধারণ ওয়ার্ডের সদস্য পদে নির্বাচনের জন্য সময়সূচীর প্রজ্ঞাপন জারি করা হইয়াছে।

এক্ষণে, সেহেতু, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা'২০১০ এর বিধি ১১ অনুযায়ী আমি সৈয়দ আহম্মদ শাহলান, ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, সদর, সুনামগঞ্জ ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য সুনামগঞ্জ জেলার সদর উপজেলার কাঠইর এবং মোহনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সংরক্ষিত ওয়ার্ডের সদস্য এবং সাধারণ ওয়ার্ডের সদস্য পদে নির্বাচনের জন্য নিম্নলিখিত সময়সূচী নির্ধারণ করিয়া বিজ্ঞপ্তি জারি করিতেছি।

(ক)	রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	০২ নভেম্বর ২০২১ (মঙ্গলবার)
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	০৪ নভেম্বর ২০২১ (বৃহস্পতিবার)
(গ)	প্রার্থীতা প্রত্যাহারের শেষ তারিখ	:	১১ নভেম্বর ২০২১ (বৃহস্পতিবার)
(ঘ)	ভোট গ্রহণের তারিখ	:	২৮ নভেম্বর ২০২১ (রবিবার)
ভোট গ্রহণের সময়কাল সকাল ৮:০০ ঘটিকা হইতে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত।			
উল্লেখ্য কাঠইর ও মোহনপুর ইউনিয়ন পরিষদ নির্বাচনে ব্যালটের মাধ্যমে ভোটগ্রহণ অনুষ্ঠিত হইবে।			

আমি আরও জানাইতেছি যে, আগামী ১৭ অক্টোবর, ২০২১ তারিখ হইতে ০২ নভেম্বর ২০২১ তারিখ (মঙ্গলবার) পর্যন্ত ছুটির দিনসহ প্রতিদিন সকাল ৯:০০ ঘটিকা হইতে বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত উপরোল্লিখিত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সংরক্ষিত ওয়ার্ডের সদস্য এবং সাধারণ ওয়ার্ডের সদস্য পদে নির্বাচনে অংশগ্রহণ করিতে ইচ্ছুক প্রার্থীদের নিকট হইতে আমার কার্যালয়ে (উপজেলা রিসোর্স সেন্টার, মল্লিকপুর সরকারী প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ) মনোনয়নপত্র বিতরণ ও গ্রহণ করা হইবে।

স্থান: উপজেলা রিসোর্স সেন্টার, সদর, সুনামগঞ্জ।
তারিখ: ১৪ অক্টোবর, ২০২১খ্রি:


(সৈয়দ আহম্মদ শাহলান)
ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার


এবং
রিটার্নিং অফিসার
কাঠইর ও মোহনপুর
ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন-২০২১খ্রি.
সদর, সুনামগঞ্জ।
মোবাইল: ০১৭১১০৫৭৬১৯

স্মারক নং- ৩৮.০১.৯০৮৯.০০২.৩৭.০২৫.২০২১-৪৮(১৪)

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, সিলেট।
- ৩। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
- ৪। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, সিলেট অঞ্চল, সিলেট।
- ৫। পুলিশ সুপার, সুনামগঞ্জ।
- ৬। জেলা নির্বাচন অফিসার, সুনামগঞ্জ।
- ৭। সুপারিনটেনডেন্ট, পিটিআই, সুনামগঞ্জ।
- ৮। উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
- ৯। অফিসার ইনচার্জ, সুনামগঞ্জ সদর মডেল থানা, সদর, সুনামগঞ্জ।
- ১০। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
- ১১। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
- ১২। ইউনিয়ন পরিষদ সচিব, কাঠইর/মোহনপুর, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
- ১৩। সংরক্ষণ নথি/নোটিশ বোর্ড।

তারিখ: ২৯ আশ্বিন ১৪২৮
১৪ অক্টোবর ২০২১


(সৈয়দ আহম্মদ শাহলান)
ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার

ও
রিটার্নিং অফিসার
সদর, সুনামগঞ্জ।